7

দৈনিক খবর

তারিখ ... 24 AUG 1999
পৃষ্ঠা... 2 ... কলাম ... 7 ...

031

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি বৈষম্য

সদ্য প্রতিষ্ঠিত ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রাথমিকভাবে শরীয়াহ অনুষদে তিনটি এবং কলা ও সমাজ বিজ্ঞান অনুষদে তিনটি বিভাগ খোলা হয়েছে। আমরা মনে করি বর্তমানে এসব বিভাগে ভর্তির জন্য যে পদ্ধতি প্রচলিত তা অনেকটা বৈষম্যমূলক। কারণ কলা অনুষদভুক্ত অর্থনীতি, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনার মত গণিত নির্ভর জটিল বিষয়গুলোতে সাধারণ ছাত্রদের পাশাপাশি মাদ্রাসা ছাত্রদেরও ভর্তির সুযোগ দেয়া হয়েছে। যদিও মাদ্রাসা থেকে আগত শতকরা ৯০% জন ছাত্রই উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত পড়েনি। পক্ষান্তরে সাধারণ শিক্ষা ব্যবস্থার ছাত্রদেরকে শরীয়াহ অনুষদের আইন বিভাগে ভর্তির সুযোগ দেয়া হয়নি।

এখানে উল্লেখ্য যে, আইন বিভাগ শরীয়াহ অনুষদভুক্ত হলেও উক্ত বিভাগের পাঠ্যমাধ্যম বাংলা (আরবী নহে) এবং পাঠ্যসূচীও অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের পাঠ্যসূচীর সাথে সঙ্গতিপূর্ণ। সুতরাং মাদ্রাসা ছাত্রদেরকে যদি গণিতনির্ভর উল্লেখ্য বিষয় অনার্স পড়ার সুযোগ দেয়া যায় তাহলে সাধারণ ছাত্রদেরকেও শরীয়াহ অনুষদের আইন বিভাগে অনার্স পড়ার সুযোগ দেয়া অধিকতর যুক্তিযুক্ত। আমরা বিষয়টি গভীরভাবে বিবেচনা করার জন্য শিক্ষা মন্ত্রণালয় সমীপে আকুল আবেদন জানাচ্ছি।

হামিদা মাঈন সৈয়দ
প্রথম বর্ষ সম্মান
বাংলা বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়